অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল খাবারের সুবিধা বৃদ্ধির ঘোষণা করেন স্বল্প-আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য

সাপ্লিমেন্টল নিউট্রিশন অ্যাসিস্ট্যানস প্রোগ্রামে থাকা পরিবারগুলি নিয়মিত 36 মার্কিন ডলারের মাসিক সুবিধার বৃদ্ধি দেখবেন অক্টোবর থেকে

নিউ ইয়র্কে অতিরিক্ত ফেডারেল অর্থায়ন বাবদ 1.4 বিলিয়ন মার্কিন ডলারের বেশি নিয়ে আসবে সুবিধাগুলি বাড়লে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে সমস্ত নিউ ইয়র্কবাসী যারা সাপ্লিমেন্টল নিউট্রিশন অ্যাসিস্ট্যানস প্রোগ্রামে নিবন্ধিত তারা পরের মাস থেকে তাদের সুবিধার স্তরে বৃদ্ধি দেখতে পাবেন স্বল্প আয়ের ব্যক্তি এবং পরিবারগুলিকে আরো ভালো স্বাস্থ্যকর খাবারের অ্যাকসেস প্রদান করার উদ্দেশ্যে একটি ফেডারেলগতভাবে করা খরচ সমন্বয়ের ফলে। গড়ে, সাপ্লিমেন্টল নিউট্রিশন অ্যাসিস্ট্যানস প্রোগ্রামে (Supplemental Nutrition Assistance Program, SNAP) নথিভুক্ত পরিবারগুলি, যারা নিউ ইয়র্কে স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যানসের (Office of Temporary and Disability Assistance) তত্ত্বাবধানে রয়েছেন, তারা তাদের নিয়মিত সুবিধায় ব্যক্তি প্রতি প্রায় 36 মার্কিন ডলার বৃদ্ধি দেখতে পাবেন।

"এখন আগের চেয়ে অনেক বেশি, নিউ ইয়র্কবাসীরা তাদের খাবারের জন্য খরচের অর্থ ক্রমশ কমতে দেখতে পাচ্ছেন, তার ফলে তারা বাধ্য হচ্ছেন এমন খাবার বেছে নিতে যা সস্তা, কিন্তু খুব কম পুষ্টিকর," **গভর্নর হোচুল বলেন।** "দীর্ঘ সময় না হওয়া সুবিধার এই বৃদ্ধি নিউ ইয়র্ক স্টেটের পরিবারগুলিকে পুষ্টিকর খাবার কেনার ক্ষমতা দেবে, যা পরিণামে অবশেষে স্বাস্থ্যকর ফলাফল প্রদান করবে।"

কংগ্রেস কর্তৃক গৃহীত 2018 সালের খামারের বিল, মার্কিন কৃষি বিভাগকে (U.S Department of Agriculture) SNAP এর সুবিধাগুলি গণনার জন্য ব্যবহৃত পরিকল্পনার পুনর্মূল্যায়ন করা আবশ্যক করে। গত বছর, ফেডারেল এজেন্সি এই পরিকল্পনার একটি ডেটা-চালিত পর্যালোচনা পরিচালনা করেছিল, যার ফলে একটি খরচ সমন্বয় করা হয়েছিল - যা 45 বছরেরও বেশি সময়ে প্রথম - যা সময়ের সাথে সাথে খাদ্য বাজারে এবং গ্রাহকদের পরিস্থিতিতে উল্লেখযোগ্য পরিবর্তনগুলি প্রতিফলিত করে।

নিউ ইয়র্কে, চারজনের একটি পরিবার তাদের সুবিধাগুলির বরাদ্দকরণ নতুন প্ল্যানের আওতায় সর্বাধিক 680 থেকে 835 মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি হয়েছে বলে দেখবেন। এই বৃদ্ধি 2022 সালের ফেডারেল আর্থিক বছরে ফেডারেল ডলারে অতিরিক্ত প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলার নিয়ে আসবে।

নতুন পরিকল্পনাটি স্ট্যান্ডার্ড ডিডাকশন এবং ইউটিলিটি ভাতাগুলির ডলারের পরিমাণও উর্ধ্বমুখীমুখীভাবে সমন্বয় করেছে, যা একটি পরিবারের স্থূল মাসিক আয়ে ধরে নেওয়া হয় যোগ্যতা এবং সুবিধা, উভয়ের স্তর নির্ধারণ করার জন্য। সময়ের সাথে অর্থনৈতিক পরিবর্তন প্রতিফলিত করতে মোট মাসিক আয়ের স্তরও বৃদ্ধি করা হয়েছে।

SNAP সুবিধাগুলির স্তর সামঞ্জস্য করতে, মার্কিন কৃষি বিভাগ (U.S Department of Agriculture, USDA) বর্তমান দেশব্যাপী খাবারের দাম, আমেরিকানরা সাধারণত কী খায়, খাদ্য সম্পর্কিত নির্দেশনা এবং খাদ্য সামগ্রীতে থাকা পুষ্টির মূল্যায়ন করেছে। এজেন্সিটির পুনর্মূল্যায়ন সিদ্ধান্তে পৌঁছেছে যে একটি পুষ্টিকর, ব্যবহারিক, সাশ্রয়ী মূল্যের খাদ্যের খরচ বিদ্যমান সর্বোচ্চ খাদ্যের সুবিধাগুলির তুলনায় 21 শতাংশ বেশিSNAP পরিবারগুলির জন্য।

জাতীয়ভাবে, 10টি SNAP অংশগ্রহণকারীর মধ্যে প্রায় 9জন স্বাস্থ্যকর খাদ্য অর্জনের ক্ষেত্রে বাধার মুখোমুখি হয়েছেন বলে রিপোর্ট করেছেন, যার মধ্যে সব চেয়ে প্রচলিত বাধা হল স্বাস্থ্যকর খাবারের খরচ। একইভাবে, গবেষণায় ধারাবাহিকভাবে দেখানো হয়েছে যে খাবারের সুবিধার মাত্রাগুলি একটি বাস্তবসম্মত, স্বাস্থ্যকর খাদ্য সরবরাহের জন্য খুব কম, এমনকি পরিবারগুলি মুদির সামগ্রীর জন্য তাদের নিজস্ব অর্থের অবদান রাখা সত্ত্বেও।

নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোটামুটি 2.8 মিলিয়ন পরিবার জুলাই পর্যন্ত SNAP-এ তালিকাভুক্ত হয়েছিল। ফেডারেল অনুমান অনুযায়ী, SNAP সুবিধাগুলি স্থানীয় এবং রাজ্যের অর্থনীতিকে উদ্দীপিত করতে সাহায্য করে, যেখানে SNAP সুবিধার প্রতি ডলারের খরচের ফলে আনুমানিক 1.59 মার্কিন ডলারের অর্থনৈতিক ক্রিয়াকলাপ হয়।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন